



## BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BISS)

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

### সংবাদ বিজ্ঞপ্তি

**প্রধানমন্ত্রীর জাপান সফরকে সামনে রেখে বাংলাদেশ-জাপান সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে বিআইআইএসএস-এ একটি গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত**

ঢাকা, ১৯ অক্টোবর ২০২৬: বাংলাদেশ-জাপান দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার সম্ভাবনা পর্যালোচনা এবং বাণিজ্য, বিনিয়োগ, প্রযুক্তি হস্তান্তর ও উন্নয়ন সহযোগিতা সম্প্রসারণের বাস্তবসম্মত উপায় চিহ্নিত করার লক্ষ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) সোমবার, ১৯ অক্টোবর ২০২৬, “*Frontiers of Bangladesh-Japan Relations: Prime Minister’s Visit to Japan in Perspective*” শীর্ষক একটি গোলটেবিল বৈঠকের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌপরিবহন মন্ত্রণালয়ের সাবেক উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে বিআইআইএসএস-এর মহাপরিচালক মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি, জাপানের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বিষয়ে ধারাবাহিক সংলাপের গুরুত্ব তুলে ধরেন। ড. মাহফুজ কবীর, গবেষণা পরিচালক, বিআইআইএসএস, “*Bangladesh-Japan Relations: Expanding Trade, Investment and Development Frontiers*” শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং ড. ইশতিয়াক সেলিম, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়। আলোচনায় দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পৃক্ততার সুযোগ ও প্রতিবন্ধকতা, বিনিয়োগ প্রসার এবং অংশীদারিত্বের ভবিষ্যৎ গতিপথের ওপর আলোকপাত করা হয়।

গোলটেবিল বৈঠকের একটি প্রধান আলোচ্য বিষয় ছিল ২০২৬ সালের ৬ ফেব্রুয়ারি টোকিওতে স্বাক্ষরিত জাপান-বাংলাদেশ অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির (ইপিএ) মাধ্যমে বাণিজ্য উদারীকরণ, বিনিয়োগ সহযোগিতা এবং গভীরতর অর্থনৈতিক একীকরণ সহজতর করার সম্ভাবনা। অংশগ্রহণকারীরা তৈরি পোশাকের বাইরে বাংলাদেশের রপ্তানিতে বৈচিত্র্য আনা, উৎপাদনশীল ও প্রযুক্তি-নিবিড় খাতে জাপানি বিনিয়োগ বৃদ্ধি এবং ব্যবসায়িক পরিবেশকে প্রভাবিত করে এমন

নিয়ন্ত্রণমূলক, অবকাঠামোগত ও দক্ষতা-সম্পর্কিত প্রতিবন্ধকতাগুলো মোকাবিলার গুরুত্ব বিবেচনা করেন।

গোলটেবিল বৈঠকের লক্ষ্য ছিল সংশ্লিষ্ট সরকারি সংস্থা, ব্যবসা প্রতিষ্ঠান এবং উন্নয়ন অংশীদারদের জন্য বাস্তবায়নযোগ্য নীতিগত সুপারিশ তৈরি করা। আলোচনায় দুই দেশের মধ্যে কার্যকর প্রাতিষ্ঠানিক সমন্বয়, মানবসম্পদ উন্নয়ন এবং টেকসই সম্পৃক্ততার মাধ্যমে দীর্ঘস্থায়ী বাংলাদেশ-জাপান অংশীদারিত্বকে আরও বৈচিত্র্যময়, বিনিয়োগ-চালিত এবং প্রযুক্তি-ভিত্তিক সম্পর্কে রূপান্তরিত করার গুরুত্বের ওপর জোর দেওয়া হয়।

ক্রমবিকাশমান বাংলাদেশ-জাপান অংশীদারিত্ব মূল্যায়ন করতে এবং উচ্চ-পর্যায়ের কূটনৈতিক সম্পৃক্ততাকে সুনির্দিষ্ট অর্থনৈতিক ও উন্নয়নমূলক ফলাফলে রূপান্তরের উপায় অন্বেষণ করতে এই গোলটেবিল বৈঠকে নীতিনির্ধারক, গবেষক, শিক্ষাবিদ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিরা একত্রিত হয়েছিলেন।



## BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BISS)

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

### Press Release

#### **BISS Organises Roundtable on the Future of Bangladesh–Japan Relations Ahead of Prime Minister’s Visit to Japan**

**Dhaka, 19 October 2026:** The Bangladesh Institute of International and Strategic Studies (BISS) organised a roundtable titled “*Frontiers of Bangladesh–Japan Relations: Prime Minister’s Visit to Japan in Perspective*” on **Monday, 19 October 2026**, to examine the prospects for strengthening bilateral relations and identify practical avenues for expanding trade, investment, technology transfer and development cooperation. **Brigadier General (Retd) Dr M Sakhawat Hossain**, Former Adviser to the Ministry of Shipping, Government of the People’s Republic of Bangladesh, attended as the Chief Guest.

In his welcome address, **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G**, Director General of BISS, highlighted the importance of continued dialogue on Bangladesh’s relations with Japan. **Dr Mahfuz Kabir**, Research Director, BISS, delivered the keynote presentation on “*Bangladesh–Japan Relations: Expanding Trade, Investment and Development Frontiers.*”

The panel discussion featured **Dr Sayema Haque Bidisha**, Professor, Department of Economics, University of Dhaka, and **Dr Ishtiaque Selim**, Professor, Department of Economics, Jagannath University. The discussion focused on opportunities and challenges in bilateral economic engagement, investment promotion and the future trajectory of the partnership.

A central focus of the roundtable was the potential of the **Japan–Bangladesh Economic Partnership Agreement (EPA)**, signed in Tokyo on 6 February 2026, to facilitate trade liberalisation, investment cooperation and deeper economic integration. Participants considered the importance of diversifying Bangladesh’s exports beyond ready-made garments, attracting greater Japanese investment into productive and technology-intensive sectors, and addressing regulatory, infrastructural and skills-related constraints affecting the business environment.

The roundtable sought to generate actionable policy recommendations for relevant government agencies, businesses and development partners. The discussions underscored the importance of transforming the longstanding Bangladesh–Japan partnership into a more diversified, investment-driven and technology-oriented relationship, supported by effective institutional coordination, human capital development and sustained engagement between the two countries.

The roundtable brought together policymakers, researchers, academics and representatives of relevant institutions to assess the evolving Bangladesh–Japan partnership and explore ways to translate high-level diplomatic engagement into concrete economic and developmental outcomes.